# উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি'র আগস্ট/২০২১ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট।
স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এঁর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট।
তারিখ ঃ ২২-০৮-২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা।

আলোচ্যসূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ।
১। উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির এ সভা পরিচালনার জন্য সদস্য সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করেন। অত:পর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার সঞ্চালনায় উপস্থিত কমিটির অন্যান্য সদস্যদের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| আলোচ্য বিষয়<br>গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ ঃ | ঃ | বিবরণী | ঃ | সদস্য সচিব সকলকে শুভেচ্ছা জানিয়ে গত ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চান। |
| | | সিদ্ধান্ত | ঃ | আলোচনাক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | -- |

অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচ্যসূচী সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| আলোচনা-১ | ঃ | বিবরণী | ঃ | চেয়ারম্যান, তিনি তার বক্তব্যে বলেন যে, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো এবং কোভিড-১৯ পরিস্থিতিও আগের চেয়ে ভালো। কোভিড-১৯ টিকাদান ক্যাম্পেইনে আইনশৃঙ্খলা সঠিকভাবে রক্ষার জন্য পুলিশ ও আনসার ভিডিপি সদস্যদের ধন্যবাদ জানান। এছাড়া তিনি বলেন যে, রাস্তার পাশে যে পুকুরগুলো রয়েছে সেগুলোতে মাছ চাষ করে রাস্তার ক্ষতিসাধন করছে।তাই তিনি প্রশাসন সহ অফিসার ইনচার্জ জকিগঞ্জ থানার সহযোগিতা চান |
| | | সিদ্ধান্ত | ঃ | বিস্তারিত আলোচনান্তে পুকুরের ক্ষতিসাধন রোধকল্পে আইনগত ব্যবস্থা গ্রহন করার জন্য পুলিশকে অনুরোধ জানানো হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | অফিসার ইনচার্জ জকিগঞ্জ থানা |
| আলোচনা-২ | ঃ | বিবরণী | ঃ | চেয়ারম্যান, কান্দিরপাড় ইউপি সভায় জানান যে, বর্তমানে আইনশৃংলা পরিস্থিতি অনেকটা ভালো, তবে মাদক ও ছিনতাই প্রবনতা কিছুটা বিদ্যমান আছে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানার দৃষ্টি আকর্ষন করেন। |
| | | সিদ্ধান্ত | ঃ | বিস্তারিত আলোচনান্তে মাদক ও ছিনতাই বিষয়ে গনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এলাকার সচেতন নাগরিকদের, আনসার ও ভিডিপি সদস্যদের আরো সচেতন হইয়া পুলিশকে তথ্য প্রদানে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয় ও পরে প্রয়োজনীয় সংখ্যক পুলিশী টহল জোরদার করার জন্য সভায় সিদ্ধান্ত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | জকিগঞ্জ থানা পুলিশ,চেয়ারম্যান,মেম্বার,আনসার ও ভিডিপি সদস্য ও সচেতন নাগরিক। |
| আলোচনা-৩<br>সার্বিক আইন শৃঙ্খলা | | বিবরণী | | অফিসার ইনচার্জ, লাকসাম থানা বলেন যে,লাকসাম উপজেলার সকলের আন্তরিক সহযোগিতায় কোভিড-১৯ পরিস্থিতি অনেকটাই ভালো। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে বলে তিনি জানান। মাদক ক্রয় ও বিক্রয়ের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। চুরি, ছিনতাই ও মাদকের বিষয়ে সকলকে সজাগ ও সচেতন থেকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান। |
| | | সিদ্ধান্ত | | মাদক ক্রয় ও বিক্রির বিষয়ে সকলকে একসাথে কাজ করার ও পুলিশকে তথ্য প্রদানে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয় ও পরে প্রয়োজনীয় সংখ্যক পুলিশী টহল জোরদার করার জন্য সভায় সিদ্ধান্ত হয়। |
| | | বাস্তবায়নে | | জকিগঞ্জ থানা পুলিশ ও সংশ্লিষ্ট চেয়ারম্যান। |
| আলোচনা-৪<br>সার্বিক আইন শৃঙ্খলা | | বিবরণী | | সদস্য সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন যে,ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রাম পর্যায়ে আনসার ও ভিডিপি সদস্যগণ আইনশৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করার জন্য সব সময় প্রস্তুত আছে। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয় সহ সকলের সহযোগিতা কামনা করেন। |
| | | সিদ্ধান্ত | | --- |
| | | বাস্তবায়নে | | --- |

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতির সার্বিক মন্তব্য | ঃ | বিবরণী | ঃ | সভাপতি প্রানবন্ত আলোচনা পেশ করার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। কোভিড-১৯ এর ভ্যাকসিন যাতে জনসাধারন ব্যাপক হারে গ্রহন করেন এ জন্য তিনি সকলকে যার যার জায়গা থেকে জনসাধারনকে উৎসাহিত করার জন্য বলেন। পাশাপাশি অদ্যকার সভার সিদ্ধান্তসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য সকলকে উদাত্ত আহ্বান করেন। |
| | | সিদ্ধান্ত | ঃ | -- |
| | | বাস্তবায়নে | ঃ | -- |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মাজেদা রওশন শ্যামলী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
জকিগঞ্জ, সিলেট।

উপজেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি'র আগস্ট/২০২১ মাসের সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

তারিখ ঃ ২২-০৮-২০২১ খ্রিঃ. সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট । | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, জকিগঞ্জ ইউনিয়ন পরিষদ, জকিগঞ্জ, সিলেট । | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, খলাছড়া ইউনিয়ন পরিষদ, জকিগঞ্জ, সিলেট । | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, মানিকপুর ইউনিয়ন পরিষদ, জকিগঞ্জ, সিলেট । | সদস্য | |
| ০৫ | অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানা, জকিগঞ্জ, সিলেট । | সদস্য-সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং- ৮৫ /আভি

তারিখঃ ১৯ /০৮/২০২১ খ্রিঃ

## সভার নোটিশ

[illegible] উপজেলার "আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভা জনাব মাজেদা রওশন শ্যামলী, মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে আগামী ২২/০৮/২০২১ খ্রি. তারিখে বেলা ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ।
২। উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা।
৩। বিবিধ।

প্রাপক,

.............................................
জকিগঞ্জ, সিলেট।

মোশারফ হোসেন
ভারপ্রাপ্ত কর্মকর্তা
জকিগঞ্জ থানা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং- ৮৫/আভি

তারিখঃ ১৯ /০৮/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং- ১১৯/আভি

তারিখঃ ১৭/১০/২০২১ খ্রিঃ

## সভার নোটিশ

[redacted] উপজেলার "আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভা জনাব মাজেদা রওশন শ্যামলী, মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তার অফিস কক্ষে আগামী ২০/১০/২০২১ খ্রি. তারিখে বেলা ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ।
২। উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা।
৩। বিবিধ।

মোশারফ হোসেন
ভারপ্রাপ্ত কর্মকর্তা
জকিগঞ্জ থানা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমি
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং- ১১৯ /আভি

তারিখঃ ১৭ /১০/২০২১ খ্রিঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট।
৫। অফিস কপি।

## উপজেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি'র অক্টোবর/২০২১ মাসের সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

তারিখ : ২০-১০-২০২১ খ্রি. সময় : সকাল ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, জকিগঞ্জ ইউনিয়ন পরিষদ, জকিগঞ্জ, সিলেট। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, খলাছড়া ইউনিয়ন পরিষদ, জকিগঞ্জ, সিলেট। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, মানিকপুর ইউনিয়ন পরিষদ, জকিগঞ্জ, সিলেট। | সদস্য | |
| ০৫ | অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানা, জকিগঞ্জ, সিলেট। | সদস্য-সচিব | |